

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ২৬, ২০১২

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

নিবন্ধন পরিদপ্তর

প্রজ্ঞাপন

তারিখ, ১০ আশ্বিন ১৪১৯ বঙ্গাব্দ/২৫ সেপ্টেম্বর ২০১২ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ৩৩১-আইন/২০১২ —Registration Act, 1908 (Act No. XVI of 1908) এর Section 69 এর Sub-Section (1) এর Clause (k) তে প্রদত্ত ক্ষমতাবলে মহা-পরিদর্শক, সরকারের পূর্বানুমোদনক্রমে, সম্পত্তির সর্বনিম্ন বাজার মূল্য নির্ধারণ বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৪ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(১) প্রত্যেক সাব-রেজিস্ট্রার অফিসের স্থানীয় অধিক্ষেত্রের আওতাভুক্ত ব্যক্তিমালিকানাধীন সম্পত্তির বাজার মূল্য নির্ধারণের জন্য নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে বাজার মূল্য নির্ধারণ কমিটি নামে একটি কমিটি থাকিবে, যথা :—

- | | | |
|---|-----|---------------|
| (ক) জেলা রেজিস্ট্রার | ... | সভাপতি |
| (খ) জেলা রেজিস্ট্রার কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট জেলার একজন সাব-রেজিস্ট্রার | ... | সদস্য |
| (গ) সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রার | ... | সদস্য-সচিব।”; |

(১৮১২৯৩)

মূল্য : টাকা ৪.০০

(২) বিধি ৫ এর—

(ক) উপ-বিধি (১) এর (ক) উপ-বিধি (১) এর প্রাস্তস্থিত দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে অতঃপর নিম্নরূপ শর্ত সন্নিবেশিত হইবে, যথা :—

“তবে শর্ত থাকে যে, কোন মৌজার শ্রেণীভিত্তিক গড় মূল্যের তুলনায় অস্বাভাবিক মূল্যে শুধুমাত্র তিনটি দলিল রেজিস্ট্রি করা হইলে, গড় মূল্য তালিকা প্রস্তুতের ক্ষেত্রে উক্ত দলিলে প্রদর্শিত মূল্য বিবেচনা করা যাইবে না;

তবে আরো শর্ত থাকে যে, কোন উপজেলা বা থানায় একাধিক সাব-রেজিস্ট্রার অফিস থাকিলে, উক্ত অফিসসমূহের সংশ্লিষ্ট কমিটির সদস্য-সচিব কর্তৃক পেশকৃত গড়মূল্যের তালিকাসমূহ যাচাই-বাছাইক্রমে কমিটি একটি সমন্বিত গড়মূল্য তালিকা প্রণয়ন করিবে;

তবে আরো শর্ত থাকে যে, কোন মৌজার সম্পত্তি একাধিক সাব-রেজিস্ট্রার অফিসের অধিক্ষেত্রভুক্ত থাকিলে উক্ত মৌজার বাজার মূল্য নির্ধারণের সময় সংশ্লিষ্ট সকল সাব-রেজিস্ট্রার অফিসে রেজিস্ট্রিকৃত সাব-কবলা দলিলের সমন্বয়ে বাজার মূল্য নির্ধারণ করিতে হইবে।”;

(খ) উপ-বিধি (৭) এর—

(অ) (খ) নং শর্তাংশের “হইলে” শব্দের পর “অথবা একটি দলিল রেজিস্ট্রি হইলে” শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(আ) (ঘ) নং শর্তাংশের দফা (আ) এর “সময়” শব্দের পর “বায়না” শব্দ সন্নিবেশিত হইবে; এবং

(ই) পর নিম্নরূপ উপ-বিধি (৭ক) সন্নিবেশিত হইবে, যথা :—

“(৭ক) সর্বনিম্ন বাজার মূল্য তালিকায় নাই এমন শ্রেণীর দলিল সংশ্লিষ্ট মৌজার অন্য শ্রেণীর যে কোন একটির সর্বনিম্ন বাজার মূল্যের ভিত্তিতে রেজিস্ট্রি করিতে হইবে।”;

খান মোঃ আব্দুল মান্নান
মহা-পরিদর্শক।